

প্ৰেস বিজ্ঞপ্তি

ঢাকা মহানগরীৰ সরকারী কর্মকর্তা-কর্মচারীদের ৩৩তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা
উদ্বোধন করলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী

ঢাকা, ২১/০৩/২০১৫:


ঢাকা মহানগরীতে কর্মরত সরকারী কর্মকর্তা-কর্মচারী ও তাদের ছেলে-মেয়েদের ৩৩তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আজ ঢাকার মোহাম্মদপুর শারীরিক শিক্ষা কলেজ মাঠে অনুষ্ঠিত হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক এ ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের আয়োজনে অনুষ্ঠিত এ প্রতিযোগিতার ৪০টি ইভেন্টে ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার ১৭টি কর্মচারী কল্যাণ সমিতি বা ক্লাব অংশগ্রহণ করে।

অনুষ্ঠানে প্রতিমন্ত্রী আশা প্রকাশ করেন, সকল সরকারী কর্মকর্তা-কর্মচারী তাদের মেধা-শ্রম ও কর্মদক্ষতার মাধ্যমে প্রশাসনকে আরো গতিশীল করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন।

তিনি বলেন, এ ধরনের ক্রীড়া প্রতিযোগিতা সকল সরকারী কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের মাঝে সেতুবন্ধন সৃষ্টি করবে এবং বন্ধুত্ব ও আন্তরিকতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রতিদিনের কাজের একঘেয়েমি দূর করে কর্মস্পৃহা বাড়াতে সহায়ক হবে।

ইসমাত আরা সাদেক আরো বলেন, ক্রীড়া প্রতিযোগিতার মাধ্যমে শিশু-কিশোররা তাদের সুপ্ত প্রতিভার বিকাশ ঘটাতে পারবে।

এ সময় অন্যান্যের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক মোঃ ইব্রাহীম হোসেন খান উপস্থিত ছিলেন।



(মোঃ তোহিদুল ইসলাম)

সিনিয়র তথ্য অফিসার

জনপ্রশাসন মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫